# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ উযু করার সময় বিসমিল্লাহ্ বলা।

باب مَا جَاءَ فِي التَّسْمِيَةِ عِنْدَ الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، وَبِشْرُ بْنُ مُعَاذٍ الْعَقَدِيُّ، قَالاَ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ حَرْمَلَةَ، عَنْ أَبِي ثِفَالٍ الْمُرِّيِّ، عَنْ رَبَاحِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سُفْيَانَ بْنِ حُوَيْطِبٍ، عَنْ جَدَّتِهِ، عَنْ أَبِيهَا، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " لاَ وُضُوءَ لِمَنْ لَمْ يَذْكُرِ اسْمَ اللَّهِ عَلَيْهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ وَسَهْلِ بْنِ سَعْدٍ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ لاَ أَعْلَمُ فِي هَذَا الْبَابِ حَدِيثًا لَهُ إِسْنَادٌ جَيِّدٌ . وَقَالَ إِسْحَاقُ إِنْ تَرَكَ التَّسْمِيَةَ عَامِدًا أَعَادَ الْوُضُوءَ وَإِنْ كَانَ نَاسِيًا أَوْ مُتَأَوِّلاً أَجْزَأَهُ . قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ أَحْسَنُ شَيْءٍ فِي هَذَا الْبَابِ حَدِيثُ رَبَاحِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ . قَالَ أَبُو عِيسَى وَرَبَاحُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ جَدَّتِهِ عَنْ أَبِيهَا . وَأَبُوهَا سَعِيدُ بْنُ زَيْدِ بْنِ عَمْرِو بْنِ نُفَيْلٍ . وَأَبُو ثِفَالٍ الْمُرِّيُّ اسْمُهُ ثُمَامَةُ بْنُ حُصَيْنٍ . وَرَبَاحُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ هُوَ أَبُو بَكْرِ بْنُ حُوَيْطِبٍ . مِنْهُمْ مَنْ رَوَى هَذَا الْحَدِيثَ فَقَالَ عَنْ أَبِي بَكْرِ بْنِ حُوَيْطِبٍ فَنَسَبَهُ إِلَى جَدِّهِ .

বাংলা

২৫. নাসর ইবনু আলী ও বিশর ইবনু মু'আয আল-আকাদী (রহঃ) ..... রাবাহ ইবন আবদির রাহমান ইবনু আবী সুফইয়ান ইবনু হুওয়ায়তিব (রহঃ) তাঁর পিতামহী থেকে বর্ণনা করেন। আমার পিতা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন, যে ব্যক্তি আল্লাহর নাম নিবে না, তার উযূ (ওজু/অজু/অযু) হবে না। - ইবনু মাজাহ ৩৯৯, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, আবূ হুরায়রা, আবূ সঈদ খুদরী, সাহল ইবনু সা'দ ও আনাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী বলেন, ইমাম আহমদ বলেছেন, এই বিষয়ে এমন কোন হাদিস

আমার জানা নেই যে হাদিসটির সনদ জায়্যিদ বা উত্তম বলা যেতে পারে। ইমাম ইসহাক (রহঃ) বলেন, ইচ্ছাপূর্বক ”বিসমিল্লাহ” বলা পরিত্যাগ করলে পুনরায় উযূ করতে হবে। ভুলক্রমে কিংবা ভিন্ন কোন ব্যাখ্যার আলোকে বিসমিল্লাহ পরিত্যাগ করলে পুনরায় উযূর দরকার হবে না। মুহাম্মাদ ইবনু ইসমাঈল আল-বুখারী (রহঃ) বলেন, এই বিষয়ে রাবাহ ইবনু আবদির রাহমান বর্ণিত হাদিসটই অধিক উত্তম।

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন রাবাহ ইবনু আবদির রাহমানের পিতামহীর পিতা হলেন সাঈদ ইবনু যায়দ ইবনু আমর ইবনু নুফায়ল। রাবী আবূ ছিকাল আল-মুররীর নাম হল ছুমামা ইবনু হুসায়ন। রাবাহ ইবনু আবদির রাহমানই হচ্ছেন আবূ বকর ইবনু হুওয়ায়তিব। রাবীদের কেউ কেউ এই হদীছের বর্ণনায় পিতাম হুয়ায়াতিবের প্রতি সম্পর্কিত করে আবূ বকর ইবনু হুওয়ায়াতির রূপে তাঁকে উল্লেখ করেছেন।

## English

Rabah bin Abdur-Rahman bin Abi Sufyan bin Huwaitib narrated from his grandmother, from her father; she said (that he said):
"I heard Allah's Messenger saying: there is no Wudu for one who does not mention Allah's Name over it."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ রাবাহ ইবনে আবদুর রহমান ইবনে আবু সুফিয়ান ইবনে হুওয়াইতিব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16348

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন